

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৭০৯

আগরতলা, ৫ নভেম্বর, ২০২৪

ইনস্টিটিউট অব ড্রাইভিং অ্যান্ড ট্রেনিং রিসার্চে ড্রাইভিং প্রশিক্ষণের সমাপ্তি অনুষ্ঠান
মহিলাদের ড্রাইভিংয়ের প্রশিক্ষণ নেওয়া মহিলা ক্ষমতায়নেরই একটি অঙ্গ : রাজ্যপাল



জিরানীয়াস্থিত ইনস্টিটিউট অব ড্রাইভিং অ্যান্ড ট্রেনিং রিসার্চে আজ তিন নম্বর ব্যাচের ড্রাইভিং প্রশিক্ষণের সমাপ্তি অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। সমাপ্তি অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিবহনমন্ত্রী সুশান্ত চৌধুরী। এই ব্যাচে মোট ৩৭ জন মহিলা ড্রাইভিংয়ে প্রশিক্ষণ নিয়েছেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেন, আজকের দিনটি এই প্রতিষ্ঠানের জন্য একটি উল্লেখযোগ্য দিন। প্রতিষ্ঠানটিতে মহিলাদের ড্রাইভিংয়ের প্রশিক্ষণ নেওয়া তাদের ক্ষমতায়নেরই একটি অঙ্গ। প্রশিক্ষণ প্রাপ্ত মহিলাগণ সমাজের উন্নয়নেও অংশীদার হতে পারবেন। তিনি বলেন, এই প্রশিক্ষণ মহিলাদের কর্মসংস্থানের উপযোগী করে তোলে, তাকে স্বয়ম্ভর হতে সাহায্য করে এবং তার আত্মবিশ্বাস বাড়ায়। এই প্রশিক্ষণ প্রাপ্ত মহিলা ড্রাইভাররা শুধুমাত্র নিজেদের উন্নয়নের জন্য পথচলা শুরু করেননি, তারা আগামী দিনে অন্য মহিলাদের স্বয়ম্ভরতার পথকেও সুগম করে দিয়েছেন। আজকের দিনে মহিলারা বিভিন্ন পেশায় সাফল্য পাচ্ছেন। রাজ্যপাল প্রশিক্ষণ প্রাপ্ত মহিলা ড্রাইভারদের পেশাদারী মনোভাব নিয়ে সুরক্ষার দিকে নজর রেখে গাড়ি চালানোর পরামর্শ দেন।

২-এর পাতায়

অনুষ্ঠানে পরিবহনমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন, ২০২৩ সালে স্থাপিত এই প্রতিষ্ঠানে এখন পর্যন্ত তিনটি ব্যাচের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। কিন্তু এই ব্যাচটিই সবচেয়ে উল্লেখযোগ্য এবং গুরুত্বপূর্ণ, কেননা এই ব্যাচের সমস্ত প্রশিক্ষণার্থীরাই ছিলেন মহিলা। তাদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে ৪৫ দিন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ভিশন অনুসারে রাজ্য সরকারও নারী স্বশক্তিকরণের এবং তাদের স্বয়ম্ভর করে তোলার লক্ষ্যে কাজ করছে।

আজকের অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন রাজ্য পরিবহন দপ্তরের সচিব সি কে জমাতিয়া। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু সহ অতিথিগণ প্রশিক্ষণ প্রাপ্ত মহিলা ড্রাইভারদের হাতে সার্টিফিকেট ও ড্রাইভিং লাইসেন্স তুলে দেন। অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন পরিবহন দপ্তরের অতিরিক্ত সচিব সুব্রত চৌধুরী। তাছাড়াও উপস্থিত ছিলেন জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রীতম দেবনাথ, সমাজসেবী গৌরাজ্জ ভৌমিক এবং রাজ্যপালের যুগ্ম সচিব রতন ভৌমিক। অনুষ্ঠানের পরে রাজ্যপাল ট্রেনিং ইনস্টিটিউটের সিমুল্যাটর রুম ঘুরে দেখেন।
